গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আসাদুল ইসলাম<br>সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। |
| তারিখ | : | ১৪ জানুয়ারি, ২০১৮ |
| সময় | : | বেলা- ৩.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (যুব-২) ও নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট এ কমিটির সর্বশেষ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি বলেন নৈতিকতার চর্চা একটি গুরুত্বপূর্ণ বিষয় এবং এটি প্রতিষ্ঠানের সর্বস্তরে প্রতিষ্ঠা করা প্রয়োজন। তিনি বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন । অত:পর সভাপতির অনুমতিক্রমে প্রথমে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব দপ্তর/সংস্থার প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-১৮ এর দ্বিতীয় ত্রৈমাসিক(অক্টোবর/১৭-ডিসেম্বর/১৭) প্রতিবেদন সভায় উপস্থাপন করেন এবং সর্বশেষে মন্ত্রণালয়ের দ্বিতীয় ত্রৈমাসিক(অক্টোবর/১৭-ডিসেম্বর/১৭) প্রতিবেদন উপস্থাপন করা হয়।

০২। যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক(পরিকল্পনা) জানান যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। সভাপতি অধিদপ্তরের ই-জিপিতে ক্রয় কার্যক্রম এখনও শুরু না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন এবং এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেন। অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, ই-জিপিতে ক্রয় কার্যক্রম খুব দ্রুতই শুরু করা হবে। সভাপতি মাঠ পর্যায়ে প্রশিক্ষণার্থীদের সাথে মহাপরিচালকের ভিডিও কনফারেন্স করার বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়া, জেলা পর্যায়ে গণশুনানী আয়োজনের উদ্যোগ গ্রহণের পরামর্শ দেন। বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের মহাপরিচালক জানান যে, তাঁর সংস্থায় শুদ্ধাচার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সভাপতির জিজ্ঞাসার জবাবে তিনি জানান যে, ত্রৈমাসিকভাবে অভিভাবকদের নিয়ে নিয়মিতভাবে সভা অনুষ্ঠিত হচ্ছে। খুব শীঘ্রই প্রশিক্ষণ বর্ষপুঞ্জি প্রণয়ন করা হবে। সভাপতি বর্ষপুঞ্জিটি মান সম্পন্ন এবং সহজবোধ্য করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৩। জাতীয় ক্রীড়া পরিষদের প্রতিবেদন উপস্থাপনকালে পরিলক্ষিত হয় যে, এ সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা যুক্তিসংগতভাবে প্রণীত হয়নি। এছাড়া কর্মপরিকল্পনাটি অনুমোদিত ফরমেট অনুযায়ী প্রণীত হয়নি। এ বিষয়ে জাতীয় ক্রীড়া পরিষদের সচিব জানান যে, তিনি জরুরিভিত্তিতে কর্মপরিকল্পনাটি যথাযথ ফরমেটে প্রণয়ন করে লক্ষ্যমাত্রা যুক্তিসংগতভাবে নির্ধারণ করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার উপর মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য যথাযথ প্রশিক্ষণ আয়োজনের উপর গুরুত্বারোপ করেন।

০৪। ক্রীড়া পরিদপ্তর ও বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের প্রতিনিধিবৃন্দ জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে তাঁদের স্ব-স্ব দপ্তর হতে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের সচিব জানান যে, সেবা সহজীকরণের আওতায় অনলাইন অনুদান প্রদান সার্ভিস চালু প্রক্রিয়াধীন আছে। মন্ত্রণলায়ের প্রতিবেদন উপস্থাপনকালে যুগ্মসচিব(প্র:) জানান যে, ২য় প্রান্তিকের অধিকাংশ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। তবে ই-জিপিতে ক্রয় কার্যক্রম পরিচালনা ও শুদ্ধাচার পুরস্কার প্রদান এ দুটি কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন কিছুটা পিছিয়ে থাকায় তা অর্জনের কার্যকর উদ্যোগ নেয়া হয়েছে। সভাপতি এ বিষয়ে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

চলমান পাতা/-২

-২-

০৫। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) জাতীয় ক্রীড়া পরিষদ শুদ্ধাচার সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনায় লক্ষ্যমাত্রা যুক্তিসংগতভাবে নির্ধারণপূর্বক যথাযথ ফরমেটে প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(খ) ই-জিপিতে ক্রয় কার্যক্রম এবং শুদ্ধাচার পুরস্কার প্রদানের সম্পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়সহ দপ্তর/সংস্থাসমূহকে জরুরীভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(গ) সকল দপ্তর/সংস্থার প্রধানগণ ভিডিও কনফারেন্সিং এবং মাঠ পর্যায়ে পরিদর্শনকালে গণশুনানী গ্রহণ করবেন;

(ঘ) মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থাসমূহ আগামী ৫ এপ্রিল/২০১৮ এর মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮ এর তৃতীয় ত্রৈমাসিক(জানুয়ারি/১৮-মার্চ/১৮) প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(ঙ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮ এর দ্বিতীয় ত্রৈমাসিক(অক্টোবর-ডিসেম্বর/১৭) প্রতিবেদন জরুরিভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখঃ ১৬-০১-২০১৮

(মোঃ আসাদুল ইসলাম)
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১৩৮.১৭-২৫

তারিখ ঃ ০৪-১০-১৪২৪ বঙ্গাব্দ
১৭-০১-২০১৮ খ্রিষ্টাব্দ

গত ১৪-০১-২০১৮ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের "নৈতিকতা কমিটি"র সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এসংগে প্রেরণ করা হলো।

১৭-০১-১৮

(এস.এম তারিকুল ইসলাম)
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৪৪২৯

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা)।
২। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, ঢাকা।
২। যুগ্ম-সচিব (প্রশাসন)/(বাজেট)/(সমন্বয়)/(যুব)/(যুব-২)/(ক্রীড়া)/(ক্রীড়া-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৬। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ (পুরাতন ভবন), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৭। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড ও ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।

নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১৩৮.১৭-২৫ তারিখ ঃ ১৭-০১-২০১৮ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৭-০১-১৮

(এস.এম তারিকুল ইসলাম)
সহকারী সচিব